সংবাদ, 153

তারিখ ...৩।৭।৮২...
পৃষ্ঠা ... কলাম ...

## কৃষি কলেজকে বিশ্ববিদ্যালয় করার দাবী

গত বৃহস্পতিবার বিকেল ৪টায় অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি মহাবিদ্যালয়ের প্রাক্তন ছাত্র সমিতির সাধারণ সভায় নিম্নলিখিত প্রস্তাবাবলী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

কৃষি শিক্ষার সম্প্রসারণ, কৃষি শিক্ষার গুণগত মান বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদ না খুলে অপর তিনটি বিভাগে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন, ঢাকার কৃষি কলেজকে কৃষি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় নামকরণ এবং কৃষিজীবীদের প্রয়োজন মিটানোর জন্য কৃষি মহাবিদ্যালয়ে ও কৃষি বিশ্ববিদ্যালয়ে অধিকসংখ্যক ছাত্র ভর্তি করার জন্য দাবী জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এম, এ ওয়াহাব। খবর প্রেস বিজ্ঞপ্তির।